

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
পরিকল্পনা-৩ শাখা  
www.shed.gov.bd

নম্বর: ৩৭.০০.০০০০.১২৩.০২.০০৬.১৭.১৫

তারিখ: ১ মাঘ ১৪২৪

১৪ জানুয়ারি ২০১৮

প্রাপক: প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা।

বিষয়: ২০১৭-১৮ অর্থবছরে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের (কোড ২৫) "ঢাকা শহর সল্লিকটবর্তী এলাকায় ১০টি সরকারি মাধ্যমিক বিদ্যালয় স্থাপন" শীর্ষক অনুমোদিত প্রকল্প বাস্তবায়নের জন্য অর্থ বরাদ্দ।

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ১৪/০১/২০১৮ তারিখে জারিকৃত ৩৭.০০.০০০০.১২৩.০২.০০৬.১৭.১৩ নং সরকারি আদেশে অনুমোদিত বরাদ্দের বিভাজন অনুযায়ী আমি এই মর্মে আদিষ্ট হয়ে জিওবি বরাদ্দ হতে নিম্নরূপে অর্থ বরাদ্দের সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি।

(লক্ষ টাকায়)


বাস্তবায়নকারী সংস্থার নাম ও কোড নং	প্রকল্পের নাম ও কোড নং	অনুমোদিত/ পিসিপি অনুমোদিত/ অননুমোদিত	কিস্তির নাম ১ম/২য়/ ৩য়/ ৪র্থ	রাজস্ব খাতের অর্থ	মূলধন খাতের অর্থ	মোট অবমুক্ত অর্থ
১	২	৩	৪	৫	৬	৭
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কোড নং-২৫৩১	"ঢাকা শহর সল্লিকটবর্তী এলাকায় ১০টি সরকারি মাধ্যমিক বিদ্যালয় স্থাপন" (কোড নং-৫০০৩)	অনুমোদিত	১ম ও ২য় কিস্তি	২৮.৫০ লক্ষ (আটাশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকা	৮৪.৫০ লক্ষ (চুরাশি লক্ষ পঞ্চাশ হাজার) টাকা	১১৩.০০ (এক কোটি তের লক্ষ) টাকা

**শর্তসমূহ:**

- এই ব্যয় বর্তমান অর্থবছরের উন্নয়ন বাজেটের মঞ্জুরি নং ২২, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের হিসাবের খাত ২৫/২৫৩১ হতে বহন করা হবে।
- উপরোক্ত অর্থ শুধু টাকা বরাদ্দের অংক নির্দেশ করে। (শুল্ক ও মূল্য সংযোজন কর এবং পুণর্ভরনযোগ্য প্রকল্প সাহায্যের জন্য বরাদ্দ টাকা এই অংকের বর্হিভূত)।
- ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPA-2006 এবং PPR-2008 সহ সরকারের প্রচলিত সকল আর্থিক বিধি-বিধান ও নিয়মাচার যথাযথভাবে অনুসরণ করতে হবে।
- এই বরাদ্দের অধীনে ব্যয় অনুমোদিত প্রকল্প ছকে বর্ণিত দফাওয়ারী বরাদ্দ অনুযায়ী করতে হবে এবং মোট ব্যয় অনুমোদিত প্রকল্প ব্যয়ের অতিরিক্ত হবে না।
- অব্যয়িত অর্থ (যদি থাকে) আগামী ৩০ জুন'২০১৮ তারিখের মধ্যে অবশ্যই সরকারি কোষাগারে জমা দিতে হবে।
- ছাড়কৃত অর্থ ব্যয়/বিল পরিশোধের ক্ষেত্রে ভবিষ্যতে কোন ধরনের অনিয়ম উদঘাটিত হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন।

২। অর্থ মন্ত্রণালয়ের ১৩ নভেম্বর ২০১২ তারিখের অফিস স্মারক নং ০৭.১১১.০৩১.০১.০০.০৬১.২০১২ -৫৪০ এ প্রদত্ত ক্ষমতাবলে এই আদেশ জারি করা হলো।

...



মোহাম্মদ রফিকুল ইসলাম  
সিনিয়র সহকারী প্রধান

নম্বর: ৩৭.০০.০০০০.১২৩.০২.০০৬.১৭.১৫/১(৬)

তারিখ: ১ মাঘ ১৪২৪  
১৪ জানুয়ারি ২০১৮

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৩) উপ-সচিব, বাজেট-২ শাখা, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪) প্রকল্প পরিচালক, ঢাকা শহর সন্নিকটবর্তী এলাকায় ১০টি সরকারি মাধ্যমিক বিদ্যালয় স্থাপন প্রকল্প, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৫) সচিব এর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।



১৪-১-২০১৮

মোহাম্মদ রফিকুল ইসলাম  
সিনিয়র সহকারী প্রধান